তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...
SEP 13 2002

# অবরুদ্ধ ঢাবি ও শহীদ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও কেন্দ্রীয় শহীদ মিনার এলাকা এখনও অবরুদ্ধ। কড়া পুলিশি তৎপরতার কারণে গতকাল ঢাবিতে নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীদের পূর্বনির্ধারিত কালো ব্যাজ ধারণ ও প্রতীকী ক্লাস গ্রহণ কর্মসূচি পালন করা সম্ভব হয়নি। সকাল থেকে শত শত পুলিশ ক্যাম্পাসের সব প্রবেশ পথ বন্ধ করে রাখে। প্রতীকী ক্লাস গ্রহণ কর্মসূচির স্থান সকালেই পুলিশ দখল করে নেয়। ঢাবি ক্যাম্পাস, কেন্দ্রীয় শহীদ মিনার ও বুয়েট ক্যাম্পাসে পুলিশ ইতিমধ্যে সব ধরনের জমায়েত এবং মিছিল-

অবরুদ্ধ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলা ও কেন্দ্রীয় শহীদ মিনার পু

উর্ধ্বতন কর্মকর্তা এবং ...
আমদানিকারক ও রিফাই...
মালিকরা উপস্থিত ছিলেন।

## এক্সপাঞ্জ : শোক...

(১ম পৃষ্ঠার পর)

তিনি মোনাজাতের সময় ...
উল্লিখিত মরহুম নেতৃবৃ...
মাগফেরাত কামনার পাশাপা...
করেন 'বাংলাদেশের স্থপতি ...
সর্বাধিনায়ক শহীদ রাষ্ট্রপ...
রহমানের রুহের মাগফেরাত ...
এ সময় মোনাজাতরত আও...
সদস্যরা মুখ চাওয়া-চাওয়ি ক...
কাজী আলাউদ্দিন মোনাজা...
করেন, 'বিগত স্বৈরাচারে...
আন্দোলনে, আওয়ামী দুঃশ...
নিহতদের রুহের মাগফে...
করছি।' তার এই রাজনৈতি...
সঙ্গে সঙ্গে আওয়ামী লী...
মোনাজাত ছেড়ে দিয়ে নিজ...
বসে এই বক্তব্যের প্রতিব...
থাকেন। সিনিয়র নেতারাও দাঁ...
জানান। তাদের হৈচৈয়ের মধ্য...
চলতে থাকে। সরকারি দ...
সারির সদস্যরাও এই অপ্রত্য...
হকচকিত হন। মোনাজাত শে...
ও সংসদ নেত্রী বেগম খালে...
তার পাশের আসনে বসা অ...
রহমানকেও ক্ষোভ প্রকাশ

## অবরুদ্ধ : ঢাবি

(১ম পৃষ্ঠার পর) সমাবেশের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। বিকাল ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথগুলোর পুলিশি কর্ডন তুলে নেয়া হলেও কেন্দ্রীয় শহীদ মিনারের তিনটি প্রবেশ পথই পুলিশ কাঁটাতারের বেড়া দিয়ে অবরুদ্ধ করে রেখেছে। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে রদবদল শুরু হয়েছে। গতকাল সার্জেন্ট জহুরুল হক হলের প্রভোস্ট ড. এসএম মাহফুজুর রহমানকে অব্যাহতি দিয়ে মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অধ্যাপক আমিনুর রহমান মজুমদারকে প্রভোস্ট নিয়োগ করা হয়েছে। কর্তৃপক্ষীয় সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয় খোলার আগে বিভিন্ন হলে নতুন প্রভোস্ট নিয়োগ দেয়া হবে। এদিকে গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার ঘোষণা দেয়া হয়েছিল। গত ৪ সেপ্টেম্বর সিন্ডিকেটের এক জরুরি সভায় বিশ্ববিদ্যালয় খোলার অনুকূল পরিবেশ না থাকার অজুহাত দেখিয়ে আবার অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয়। নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীরা এবং ছাত্রলীগ এ সিদ্ধান্তের প্রতিবাদে কর্মসূচি ঘোষণা করে। গত বুধবার ছিল ছাত্রলীগের উপাচার্যকে স্মারকলিপি পেশ এবং নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীদের সংহতি সমাবেশ। গতকাল ছিল নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীদের প্রতীকী ক্লাস গ্রহণ কর্মসূচি। কিন্তু বুধবার থেকে পুলিশ ক্যাম্পাসের নিয়ন্ত্রণ গ্রহণ করে। ক্যাম্পাসে মিছিল-সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করা হলেও ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার এ ব্যাপারে কিছুই জানেন না বলে সাংবাদিকদের জানান।

নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীদের কর্মসূচি ঠেকাতে গতকালও পুলিশ সকাল থেকেই ক্যাম্পাসের নিয়ন্ত্রণ নিয়ে নেয়। ক্যাম্পাসে কোন ছাত্রকে প্রবেশ করতে দেয়া হয়নি। কিছু সাধারণ ছাত্রছাত্রী ক্যাম্পাসে এলেও তারা লাইব্রেরি ওয়ার্ক করেছে। বেলা ১টায় কেন্দ্রীয় লাইব্রেরি বন্ধ করে দিলে তারা উৎসুক জনতার মতো বিস্ময়ভরা নয়নে পর্যবেক্ষণ করেছে পুলিশের সতর্ক বিচরণ। ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখা সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দিন হিমু দুপুর ১২টার দিকে ক্যাম্পাসে একবার এলেও তিনি দ্রুত ক্যাম্পাস ত্যাগ করেন গ্রেফতার এড়াতে। এছাড়া ছাত্রলীগ বা বাম ছাত্র সংগঠনের অন্য কোন নেতাকে ক্যাম্পাসে দেখা যায়নি। অন্যদিকে আগামীকাল ঢাবি সিন্ডিকেটের জরুরি সভা ডাকা হয়েছে। তবে নতুন উপাচার্য নিয়োগের আগে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সম্ভাবনা কম বলে সাদা দলের প্রভাবশালী একাধিক শিক্ষক জানিয়েছেন।

### শহীদ মিনার চত্বর

পুলিশি অবরোধের কারনে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে সম্মিলিত সাংস্কৃতিক জোটের নির্ধারিত নাগরিক সমাবেশ হতে পারেনি। তবে দোয়েল চত্বরের পুলিশ ব্যারিকেডের সামনের রাস্তায় তারা সমাবেশ করেছে। এ